

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

নং-৫২.০০.০০০০.০০৫.২৭.৩৩৬.১৩-২১২

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৪  
১৮ মে ২০১৭

অফিস আদেশ

যেহেতু, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেন্সাস উইং-এর উপ-পরিচালক জনাব মোঃ আবদুর রহিম-কে ২০/০১/২০১৪ তারিখের ৩৩ সংখ্যক আদেশে উপ-পরিচালক পদ হতে বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, উপরোক্ত আদেশের বৈধতা চ্যালেঞ্জ করে তিনি প্রশাসনিক ট্রাইব্যুনালে ১৫০/২০১৪ নং মামলা দায়ের করেন এবং বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল উভয় পক্ষের শুনানী গ্রহণ শেষে ১৪/০৯/২০১৫ তারিখে জনাব মোঃ আবদুর রহিমকে বকেয়া আর্থিক সুবিধাদিসহ অবিলম্বে চাকরিতে পুনর্বহালের নির্দেশ প্রদান করত: মামলার রায় প্রদান করেন; এবং

যেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে সলিসিটর উইং হতে প্রশাসনিক আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকায় আপীল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করেন এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় একমত পোষণ করেন ;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের রায় মোতাবেক জনাব মোঃ আবদুর রহিম-কে সরকারি চাকুরি থেকে বরখাস্তকরণ সংক্রান্ত ২০/০১/২০১৪ তারিখের ৫২.০০৫.০৩৩.০০.০০.৪৯০.২০০৬-৩৩ সংখ্যক আদেশটি বাতিল করা হলো। জনাব মোঃ আবদুর রহিম-এর বরখাস্তের তারিখ থেকে তাঁর স্বাভাবিক পিআরএল-এ গমনের তারিখ অর্থাৎ ০২/০২/২০১৭ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকরিরত ছিলেন মর্মে তাঁর বকেয়া বেতন ভাতাদি এবং অবসরোত্তর সকল ভাতাদি প্রাপ্য হবেন।

নং-৫২.০০.০০০০.০০৫.২৭.৩৩৬.১৩-২১২

স্বাঃ/-  
কে এম মোজাম্মেল হক  
সচিব  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৪  
১৮ মে ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৫। পরিচালক, সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ০৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। জনাব মোঃ আবদুর রহিম, উপ-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।

মোঃ আবুল বাশার  
উপ সচিব  
৮১৮১৩৬২